আস-সাফফাত | As-Saffat | ٱلصَّآفَّات

আয়াতঃ ৩৭ : ৭০

আরবি মূল আয়াত:

فَهُمۡ عَلَىٰٓ ءَاثَٰرِهِمۡ يُهۡرَعُونَ ﴿٧٠﴾

অনুবাদসমূহ:

ফলে তারাও তাদের পদাঙ্ক অনুসরণে দ্রুত ছুটেছে। — আল-বায়ান

অতঃপর তাদেরই পদাংক অনুসরণ করে ছুটে চলেছিল। — তাইসিরুল

আর তারা তাদের পদাংক অনুসরণে ধাবিত হয়েছিল। — মুজিবুর রহমান

So they hastened [to follow] in their footsteps. — Sahih International

৭০. অতঃপর তাদের পদাঙ্ক অনুসরণে ধাবিত হয়েছিল।(১)

(১) মুজাহিদ বলেন, এর অর্থ কোন কিছুর পিছনে দ্রুত চলা। [তাবারী] কাতাদাহ বলেন, খুব দ্রুত চলা। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৭০) এবং নির্বিচারে তাদের পদাঙ্ক অনুসরণ করেছিল। [1]

[1] এখানে জাহান্নামের উল্লিখিত শাস্তির কারণ বর্ণনা করা হচ্ছে যে, তারা আপন বাপ-দাদাদেরকে ভ্রষ্টতার উপর পেয়েও তাদের অন্ধানুকরণ করে চলেছিল এবং প্রমাণ ও স্পষ্ট দলীল ছেড়ে 'তাকলীদ' (অন্ধ-বিশ্বাস) এর পথ বেছে নিয়েছিল। إهراعٌ , إسراعٌ এর অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ শীঘ্রতা করা, দৌড়ানো, অতি আগ্রহের সাথে গ্রহণ করা বা লুফে নেওয়া।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3858

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন